

## 🗏 আল-মায়েদা | Al-Ma'ida | ٱلْمَائِدَة

আয়াতঃ ৫: ১১৯

## **া** আরবি মূল আয়াত:

قَالَ اللّٰهُ هٰذَا يَومُ يَنفَعُ الصِّدِقِينَ صِدقُهُم اللَّهُ مَنّٰتُ تَجرِى مِن تَحتِهَا الأَنهُ هٰذَا يَومُ يَنفَعُ الصِّدِقِينَ صِدقُهُم اللهُ عَنهُم وَ رَضُوا عَنهُ اللهُ الفَونُ الأَنهُ خُلِدِينَ فِيهَا اَبَدًا اللهُ رَضِي اللهُ عَنهُم وَ رَضُوا عَنهُ اللهُ الفَونُ العَظِيمُ ﴿١١٩﴾

## 

আল্লাহ বলবেন, 'এটা হল সেই দিন যেদিন সত্যবাদীগণকে তাদের সততা উপকার করবে। তাদের জন্য আছে জান্নাতসমূহ যার নীচে প্রবাহিত হবে নদীসমূহ। সেখানে তারা হবে চিরস্থায়ী। আল্লাহ তাদের প্রতি সম্ভষ্ট হয়েছেন, তারাও তাঁর প্রতি সম্ভষ্ট হয়েছে। এটা মহাসাফল্য। — আল-বায়ান

আল্লাহ বলবেন, আজকের দিনে সত্যপন্থীদের সত্যপন্থা উপকার দিবে, তাদের জন্য রয়েছে জান্নাত যার তলদেশে ঝর্ণাধারা প্রবাহিত, তাতে তারা স্থায়ী হয়ে চিরকাল থাকবে, আল্লাহ তাদের প্রতি সম্ভুষ্ট হয়েছেন আর তারাও তাঁর প্রতি সম্ভুষ্ট। এটাই হল মহা সাফল্য। — তাইসিরুল

আল্লাহ বলবেনঃ এটি সেই দিন যেদিন সত্যবাদীদের সত্যবাদীতা কাজে আসবে, তারা উদ্যান প্রাপ্ত হবে, যার তলদেশে নহরসমূহ বইতে থাকবে, আল্লাহ তাদের প্রতি সম্ভষ্ট হয়েছেন এবং তারাও আল্লাহর প্রতি সম্ভষ্ট; এটাই হচ্ছে মহাসফলতা। — মুজিবুর রহমান

Allah will say, "This is the Day when the truthful will benefit from their truthfulness." For them are gardens [in Paradise] beneath which rivers flow, wherein they will abide forever, Allah being pleased with them, and they with Him. That is the great attainment. — Sahih International

১১৯. আল্লাহ বলবেন, এ সে দিন যেদিন সত্যবাদিগণ তাদের সত্যের জন্য উপকৃত হবে, তাদের জন্য আছে জান্নাত যার পাদদেশে নদী প্রবাহিত। তারা সেখানে চিরস্থায়ী হবে; আল্লাহ তাদের প্রতি সম্ভুষ্ট এবং তারাও তার প্রতি সম্ভুষ্ট(১); এটা মহাসফলতা(২)।

(১) আল্লাহ তাদের প্রতি সম্ভুষ্ট এবং তারাও আল্লাহর প্রতি। এক হাদীসে বলা হয়েছেঃ জান্নাত পাওয়ার পর আল্লাহ্ তা'আলা বলবেনঃ বড় নেয়ামত এই যে, আমি তোমাদের প্রতি সম্ভুষ্ট; এখন থেকে কখনো তোমাদের প্রতি অসম্ভুষ্ট হব না। [বুখারী: ৬৫৪৯; মুসলিম: ১৮৩]



(২) এটিই মহান সফলতা। স্রষ্টা ও পরম প্রভুর সন্তুষ্টি অর্জিত হয়ে গেলে এর চাইতে বৃহত্তর সফলতা আর কি হতে পারে? আল্লাহ্ তা'আলা অন্য আয়াতে এর জন্যই বলছেন যে, "এরূপ সাফল্যের জন্য আমলকারীদের উচিত আমল করা।" [সূরা আসসাফফাত: ৬১] আরও বলেন, "আর এ বিষয়ে প্রতিযোগীরা প্রতিযোগিতা করুক।" [আল-মুতাফফিফীন: ২৬]

তাফসীরে জাকারিয়া

- (১১৯) আল্লাহ বলবেন, 'এ সেই (শেষ বিচারের) দিন; যেদিন সত্যবাদিগণকে তাদের সত্যবাদিতা উপকৃত করবে,[1] তাদের জন্য আছে বেহেশত্ যার পাদদেশে নদীমালা প্রবাহিত, তারা সেখানে চিরদিন থাকবে। আল্লাহ তাদের প্রতি প্রসন্ন এবং তারাও তাতে সম্ভুষ্ট। এটি হল মহাসাফল্য।'
  - [1] ইবনে আববাস (রাঃ) এর ব্যাখ্যায় বলেন, 'যেদিন তওহীদবাদিগণকে তাঁদের তওহীদ উপকৃত করবে।' অর্থাৎ, মুশরিকদের ক্ষমা ও পরিত্রাণের কোন রাস্তাই থাকবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=788

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন